ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২১৪৬

আগরতলা,৫ আগস্ট,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

''চিকিৎসক স্বল্পতায় দুর্ভোগ সরকারি স্বাস্থ্য পরিষেবায়,'' এই শিরোনামে ত্রিপুরা দর্পণ পত্রিকায় গত ২৫ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, রাজ্যের নাগরিকদের উন্নতমানের স্বাস্থ্য পরিষেবা প্রদান নিশ্চিত করতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর প্রতিশ্রুতিবদ্ধ। এই অঙ্গীকার বাস্তবায়নের অঙ্গ হিসেবে দপ্তর ইতোমধ্যেই সুপার স্পেশালিস্ট, স্পেশালিস্ট ও জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার নিয়োগের প্রয়োজনীয় সমস্ত প্রক্রিয়া শুরু করেছে। সুপার স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার পদের জন্য ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক সুপারিশপ্রাপ্ত দুইজন প্রার্থীকে ইতোমধ্যে নিয়োগপত্র প্রদান করা হয়েছে। প্রয়োজনীয় প্রশাসনিক প্রক্রিয়া সম্পন্ন করার পর স্পেশালিস্ট মেডিক্যাল অফিসার পদের জন্য সুপারিশপ্রাপ্ত প্রার্থীদেরও নিয়োগপত্র প্রদান করা হবে। ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশন ত্রিপুরা হেলথ সার্ভিস-এর গ্রেড-IV পর্যায়ে ২২৪টি মেডিক্যাল অফিসার পদের জন্য লিখিত পরীক্ষা ইতিমধ্যেই সম্পন্ন করেছে। ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশ প্রাপ্তির পর সেই অনুযায়ী দপ্তর প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করবে।

এছাড়াও, নার্সের সংখ্যা বৃদ্ধির মাধ্যমে স্বাস্থ্য পরিষেবা জনগণের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে নার্সিং অফিসারের ৩৩২টি শূন্য পদের জন্য নিয়োগের প্রস্তাব দেওয়া হয়েছে। পাশাপাশি খুব শীঘ্রই ১০০ জন নার্সিং অফিসার চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। ইতিমধ্যে ইচ্ছুক প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। উক্ত পদের জন্য আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ছিল ২৫ জুলাই ২০২৫, এবং প্রার্থী নির্বাচন ও নিয়োগ সংক্রান্ত প্রয়োজনীয় প্রশাসনিক প্রক্রিয়াও বর্তমানে অব্যাহত রয়েছে।

এদিকে, প্যারা-মেডিক্যাল স্টাফ নিয়োগ সংক্রান্ত বিষয়ে দপ্তরের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, প্যারা-মেডিক্যাল স্টাফের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে দপ্তর সম্প্রতি ১৯১ জন অ্যালোপ্যাথিক ফার্মাসিস্ট, ১৭ জন আয়ুর্বেদিক ফার্মাসিস্ট, ১৮ জন হোমিওপ্যাথি ফার্মাসিস্ট, ১৪২ জন ল্যাবরেটরি টেকনিশিয়ান, তিনজন ডেন্টাল টেকনিশিয়ান এবং দুইজন ডেন্টাল হাইজিনিস্ট-এর নিয়োগ সম্পন্ন করা হয়েছে। আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতাল সহ দপ্তরের অধীনে অবস্থিত বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান কেন্দ্রে এই পদসমূহের জন্য নিয়োগ প্রদান প্রক্রিয়াও সম্পন্ন করা হয়েছে। এছাড়াও, ১৯টি অপটোমেট্রিস্ট, ২৭টি রেডিওলজি ও ইমেজিং টেকনোলজিস্ট এবং ৩৯টি ল্যাবরেটরি টেকনিশিয়ান(ব্লাড) পদে নিয়োগের জন্য স্থানীয় সংবাদপত্রে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। উক্ত পদসমূহের জন্য আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ছিল ৩১ জুলাই ২০২৫।

*****